রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৩, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ/ ০৩ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৪০৪-আইন/আয়কর-৫৭/২০২৪।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ৩৪১ এ প্রদত্ত ক্ষমতাবলে, উক্ত আইনের ষষ্ঠ তফসিলের নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উক্ত তফসিলের অংশ ২ এর দফা (১) এর দফা (ঘ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঙ) সংযোজিত হইবে, যথা:—

"(ঙ) জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন এ দানকৃত আয়;"।

২। এই প্রজ্ঞাপনের আওতায় কর অব্যাহতিপ্রাপ্ত করদাতাগণ কর্তৃক উক্ত আইনের ধারা ৭৬ এর উপ-ধারা (৫) ও (৬) এর বিধানাবলি পরিপালন করিতে হইবে।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০২৯ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd
(২৮৬৪৭)
মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com